শেখ হাসিনার দর্শন, সব মানুষের উন্নয়ন

# বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন

"পরমাণু ভবন"

ই-১২/এ, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

Website: www.baec.gov.bd | Fax: 88-02-8181842

নং- ৩৯.০১.০০০০.২১৯.১১.০০২.২০-১৭৬

তারিখ: ১৪ আশ্বিন ১৪২৮ বঙ্গাব্দ / ২৯ সেপ্টেম্বর ২০২১ খ্রি.

## নিয়োগ বিজ্ঞপ্তি

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের ০৮ জুলাই ২০২০ খ্রি. তারিখের ৩৯.০০.০০০০.০০৬.১১.০০৩.১৯.১৪৩ এবং ২১ সেপ্টেম্বর ২০২১ খ্রি. তারিখের ৩৯.০০.০০০০.০০৬.১১.০০৩.১৯.১৩৬ সংখ্যক ছাড়পত্র অনুযায়ী বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের শূন্য পদে অস্থায়ী ভিত্তিতে বিধি মোতাবেক জনবল নিয়োগের জন্য নিম্নবর্ণিত ১৩ ক্যাটাগরির ৯৮টি শূন্য পদে শর্তসাপেক্ষে প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:-

| ক্রমিক নং | পদের নাম, বেতন স্কেল এবং গ্রেড | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|
| ১. | সায়েন্টিফিক এ্যাসিসটেন্ট-১<br>১১০০০-২৬৫৯০/- (গ্রেড-১৩) | ০৭(সাত) টি | এইচএসসি (বিজ্ঞান) অথবা এসএসসি (বিজ্ঞান) সহ সরকার অনুমোদিত কোন প্রতিষ্ঠান হতে ন্যূনতম ০৬ (ছয়) মাসের ট্রেড কোস সার্টিফিকেট প্রাপ্ত হতে হবে। |
| ২. | টেকনিশিয়ান-১<br>১১০০০-২৬৫৯০/- (গ্রেড-১৩) | ০৪(চার) টি | এইচএসসি (বিজ্ঞান) অথবা এসএসসি (বিজ্ঞান) সহ সরকার অনুমোদিত কোন প্রতিষ্ঠান হতে পুরকৌশল/তড়িৎ/যান্ত্রিক/অটো-মেকানিক্স/অটো-ইলেট্রিক/প্লাম্বিং/এয়ারকন্ডিশনিং/পাইপ ফিটিং/ লিফট অপারেটিং/পাম্প অপারেটিং/ফার্মেসি বিষয়ে ন্যূনতম ০৬(ছয়) মাসের ট্রেড কোর্স সার্টিফিকেট প্রাপ্ত হতে হবে। |
| ৩. | স্টেনোগ্রাফার-কাম-কম্পিউটার অপারেটর<br>১১০০০-২৬৫৯০/- (গ্রেড-১৩) | ০২(দুই) টি | এইচএসসি পাস এবং কম্পিউটার-এ ওয়ার্ড প্রসেসিংসহ প্রতিমিনিটে সর্বনিম্ন শর্টহ্যান্ড ইংরেজিতে ১০০ ও বাংলায় ৪০ এবং টাইপিংয়ে ইংরেজিতে ৩০ ও বাংলায় ২৫ শব্দের গতি থাকতে হবে। |
| ৪. | লাইব্রেরি অ্যাসিসট্যান্ট<br>১০২০০-২৪৬৮০/-(গ্রেড-১৪) | ০৩(তিন) টি | গ্রন্থাগার বিজ্ঞানে প্রথম শ্রেণীর ডিপ্লোমাসহ অন্যান্য পরীক্ষায় ভাল ফলাফল থাকতে হবে। |
| ৫. | স্টেনোটাইপিস্ট-কাম-কম্পিউটার অপারেটর<br>১০২০০-২৪৬৮০/- (গ্রেড-১৪) | ০৪(চার) টি | এসএসসি পাস এবং কম্পিউটার-এ ওয়ার্ড প্রসেসিংসহ প্রতিমিনিটে সর্বনিম্ন শর্টহ্যান্ড ইংরেজিতে ৮০ ও বাংলায় ৩০ এবং টাইপিংয়ে ইংরেজিতে ৩০ ও বাংলায় ২৫ শব্দের গতি থাকতে হবে। |
| ৬. | সায়েন্টিফিক এ্যাসিসটেন্ট-২<br>৯৭০০-২৩৪৯০/-(গ্রেড-১৫) | ১৩(তের) টি | এইচএসসি (বিজ্ঞান) অথবা এসএসসি (বিজ্ঞান) সহ সরকার অনুমোদিত কোন প্রতিষ্ঠান হতে ন্যূনতম ০৬ (ছয়) মাসের ট্রেড কোর্স সার্টিফিকেট প্রাপ্ত হতে হবে।<br>অথবা<br>সরকার অনুমোদিত কোন প্রতিষ্ঠান হতে ন্যূনতম ০৬(ছয়) মাসের ট্রেড কোর্স সার্টিফিকেট প্রাপ্ত এবং সংশ্লিষ্ট কাজে ০৪(চার) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |
| ৭. | টেকনিশিয়ান-২<br>৯৭০০-২৩৪৯০/- (গ্রেড-১৫) | ০৮(আট) টি | এইচএসসি (বিজ্ঞান) অথবা এসএসসি (বিজ্ঞান) সহ সরকার অনুমোদিত কোন প্রতিষ্ঠান হতে ন্যূনতম ০৬ (ছয়) মাসের ট্রেড কোর্স সার্টিফিকেট প্রাপ্ত হতে হবে।<br>অথবা<br>সরকার অনুমোদিত কোন প্রতিষ্ঠান হতে ন্যূনতম ০৬(ছয়) মাসের ট্রেড কোর্স সার্টিফিকেট প্রাপ্ত এবং সংশ্লিষ্ট কাজে ০৪(চার) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |
| ৮. | কম্পিউটার টাইপিস্ট<br>৯৩০০-২২৪৯০/-(গ্রেড-১৬) | ১০(দশ) টি | এসএসসি পাশ এবং কম্পিউটার-এ ওয়ার্ড প্রসেসিংসহ টাইপিংয়ে প্রতি মিনিটে সর্বনিম্ন ইংরেজিতে ৩০, বাংলায় ২০ শব্দের গতি থাকতে হবে। |
| ৯. | ল্যাবরেটরী এ্যাটেনড্যান্ট<br>৮৫০০-২০৫৭০/-(গ্রেড-১৯) | ২০(বিশ) টি | এসএসসি (বিজ্ঞান) অথবা সরকার অনুমোদিত কোনো প্রতিষ্ঠান হতে ন্যূনতম ০৬ (ছয়) মাসের ট্রেড কোর্স সার্টিফিকেট প্রাপ্ত। |
| ১০. | ড্রাইভার্স মেট/ বাস হেলপার<br>৮২৫০-২০০১০/-(গ্রেড-২০) | ০১(এক) টি | ড্রাইভিং লাইসেন্সসহ মোটর যন্ত্রাংশ সম্বন্ধে ভালো জ্ঞান থাকতে হবে। |
| ১১. | জেনারেল এ্যাটেনড্যান্ট-২<br>৮২৫০-২০০১০/- (গ্রেড-২০) | ১৩(তের) টি | অষ্টম শ্রেণী পাস। |
| ১২. | সিকিউরিটি এ্যাটেনডেন্ট-২<br>৮২৫০-২০০১০/- (গ্রেড-২০) | ১১(এগার) টি | অষ্টম শ্রেণী পাস। নিরাপত্তা কাজে অভিজ্ঞতাসম্পন্ন সেনাবাহিনী/বিডিআর/পুলিশ/ আনসার হতে অবসরপ্রাপ্তদের অগ্রাধিকার দেয়া হবে। |

(অঃপৃঃদ্রঃ)

| | | | |
|---|---|---|---|
| ১৩. | স্যানিটারী এ্যাটেনডেন্ট-২<br>৮২৫০-২০০১০/- (গ্রেড-২০) | ০২(দুই) টি | অষ্টম শ্রেণী পাস। |

## শর্তাবলীঃ-

| | |
|---|---|
| ০১. | আবেদনপত্র আগামী ২৪/১০/২০২১ খ্রি. তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে জিইপি/রেজিষ্ট্রি ডাক/কুরিয়ার সার্ভিসযোগে পরিচালক, সংস্থাপন বিভাগ(অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন, পরমাণু ভবন, ই-১২/এ, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭ বরাবর পৌঁছাতে হবে। নির্ধারিত তারিখ উত্তীর্ণের পর ডাকযোগে বা অন্য কোন ভাবে প্রাপ্ত আবেদনপত্র গ্রহণ করা হবে না। |
| ০২. | প্রার্থীগণকে খামের উপর প্রার্থীত পদের নাম ও কোটা (প্রযোজ্য ক্ষেত্রে) উল্লেখ করতে হবে। |
| ০৩. | আবেদনপত্রের সাথে ক্রমিক নং-০১ হতে ০৮ পর্যন্ত উল্লেখিত পদের জন্য ৫০০/-(পাঁচশত) টাকার পোষ্টাল অর্ডার এবং ক্রমিক নং-০৯ হতে ১৩-এ উল্লেখিত পদের জন্য ৪০০/-(চারশত) টাকার পোষ্টাল অর্ডার পরিচালক, সংস্থাপন বিভাগ(অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের অনুকূলে সংযুক্ত করতে হবে। |
| ০৪. | আবেদনকারীর বয়স ২৫/০৩/২০২০ খ্রি. তারিখে ১৮ বছর হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। শুধু মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান ও নাতি নাতনিদের এবং প্রতিবন্ধি ও ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর প্রার্থীদের জন্য সর্বোচ্চ বয়সসীমা ৩২ বছর। বয়সের এফিডেবিট গ্রহণযোগ্য নয়। |
| ০৫. | সরকারী নিয়োগ বিধি অনুসারে মেধা কোটা, জেলা কোটা, মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান ও নাতি নাতনী কোটা, মহিলা কোটা, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর কোটা, আনসার ও গ্রাম প্রতিরক্ষা দলের সদস্য কোটা, সরকারী/বেসরকারী এতিমখানার নিবাসী ও শারিরীক প্রতিবন্ধি কোটা সংরক্ষণ করা হবে। |
| ০৬. | ক্রমিক নং-০৪ হতে ০৮ এর ক্ষেত্রে ঢাকা, গাজীপুর, মুন্সীগঞ্জ, নারায়ণগঞ্জ, নরসিংদী, ফরিদপুর, গোপালগঞ্জ, মাদারীপুর, শরিয়তপুর, কিশোরগঞ্জ, টাঙ্গাইল, ময়মনসিংহ, নেত্রকোনা, শেরপুর, চট্টগ্রাম, বান্দরবান, কক্সবাজার, ব্রাহ্মনবাড়িয়া, চাঁদপুর, কুমিল্লা, খাগড়াছড়ি, ফেনী, লক্ষ্মীপুর, নোয়াখালী, রাঙ্গামাটি, রাজশাহী, সিরাজগঞ্জ, নওগাঁ, নাটোর, চাঁপাইনবাবগঞ্জ, বগুড়া, রংপুর, দিনাজপুর, কুড়িগ্রাম, লালমনিরহাট, নীলফামারী, পঞ্চগড়, ঠাকুরগাঁও, খুলনা, যশোর, ঝিনাইদহ, মাগুরা, সাতক্ষীরা, চুয়াডাঙ্গা, মেহেরপুর, বরিশাল, সিলেট, মৌলভীবাজার, সুনামগঞ্জ, হবিগঞ্জ জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।<br><br>ক্রমিক নং-০৯ হতে ১২ এর ক্ষেত্রে ঢাকা, গাজীপুর, মানিকগঞ্জ, মুন্সীগঞ্জ, নারায়ণগঞ্জ, নরসিংদী, গোপালগঞ্জ, মাদারীপুর, রাজবাড়ি, কিশোরগঞ্জ, টাঙ্গাইল, ময়মনসিংহ, জামালপুর, নেত্রকোনা, চট্টগ্রাম, বান্দরবান, কক্সবাজার, ব্রাহ্মনবাড়িয়া, চাঁদপুর, কুমিল্লা, খাগড়াছড়ি, লক্ষ্মীপুর, নোয়াখালী, রাঙ্গামাটি, পাবনা, সিরাজগঞ্জ, নওগাঁ, নাটোর, চাঁপাইনবাবগঞ্জ, বগুড়া, গাইবান্ধা, কুড়িগ্রাম, নীলফামারী, পঞ্চগড়, যশোর, ঝিনাইদহ, মাগুরা, বাগেরহাট, সাতক্ষীরা, চুয়াডাঙ্গা, মেহেরপুর, ভোলা, বরগুনা, পটুয়াখালী, সিলেট, মৌলভীবাজার, সুনামগঞ্জ, হবিগঞ্জ জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ০৭. | সরকারী/আধাসরকারী/স্বায়ত্বশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীদের পদবী, বেতন স্কেল ও মূল বেতন উল্লেখপূর্বক যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। কোন অগ্রীম কপি গ্রহণযোগ্য নয়। |
| ০৮. | সরকার নির্ধারিত চাকরির আবেদন ফরমে আবেদন দাখিল করতে হবে। আবেদন ফরমের নমুনা এ অফিসের website: www.baec.gov.bd থেকে ডাউনলোড করা যাবে। |
| ০৯. | আবেদনপত্রের সাথে পোষ্টাল অর্ডার এবং সদ্য তোলা ০৩(তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি ব্যতীত আর কোন কাগজপত্রের অনুলিপি জমা দেয়ার প্রয়োজন নেই। প্রত্যেক প্রার্থীকে সরকার নির্ধারিত ফর্ম (ওয়েব সাইট হতে প্রাপ্ত) যথাযথভাবে বাংলায় পূরণপূর্বক আবেদন করতে হবে। অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। |
| ১০. | প্রত্যেক প্রার্থীকে আবেদনের সাথে ১০(দশ) টাকা মূল্যমানের ডাক টিকেটসহ তাঁর বর্তমান ঠিকানা উল্লেখপূর্বক ৯.৫ ইঞ্চি লম্বা এবং ৪.৫ ইঞ্চি প্রস্থ সাইজের ০১(এক)টি ফেরত খাম অবশ্যই সংযুক্ত করতে হবে। |
| ১১. | নির্বাচনী পরীক্ষার মাধ্যমে প্রার্থী বাছাই করা হবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের বর্তমান ঠিকানায় যথাসময়ে প্রবেশপত্র প্রেরণ করা হবে। লিখিত/মৌখিক বা ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন ভাতা প্রদান করা হবে না। লিখিত/মৌখিক বা ব্যবহারিক পরীক্ষার সময়সূচী বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের website: www.baec.gov.bd-এ প্রকাশ করা হবে। |
| ১২. | প্রার্থী নিয়োগপ্রাপ্ত হলে বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের যে কোন কেন্দ্র/প্রতিষ্ঠানে চাকরি করতে বাধ্য থাকবেন। |
| ১৩. | যে কোনো ধরণের তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য হবে এবং তার আবেদনপত্র তাৎক্ষণিক বাতিল করা হবে। নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। |
| ১৪. | কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। |
| ১৫. | উপরে উল্লেখ করা হয়নি এমন ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে। |

২৩.০৯.২১
(মোঃ হুমায়ুন কবির)
পরিচালক
সংস্থাপন বিভাগ (অতিরিক্ত দায়িত্ব)
বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন